

পত্র নং-৫৮.০৪.০০০০.০২৭.০১.০১৪.২৪- ৫৮২ (৮৩)


তারিখঃ ১২ বৈশাখ ১৪৩১
২৫ এপ্রিল ২০২৪

বিষয় : গ্রীষ্মকালে অত্যধিক গরমে তাপ জনিত কারণে স্বাস্থ্য জটিলতা (Heat Related Illness) প্রতিরোধ
বরাত : কারা অধিদপ্তর, ঢাকার পত্র নং-৫৮.০৪.০০০০.০২৭.০১.০১৪.২৩-১০১৬(৭৬), তারিখঃ ০৭-০৬-২০২৩

বর্তমানে দীর্ঘ সময় অত্যধিক গরমের কারণে তাপজনিত জটিলতায় (Heat Related Illness) বিভিন্ন কারাগারে আটক বন্দি এবং কর্মকর্তা-কর্মচারীগণ অসুস্থ হয়ে পড়ার সম্ভাবনা রয়েছে। তাপজনিত কারণে সম্ভাব্য স্বাস্থ্য ঝুঁকি প্রতিরোধে নিম্নবর্ণিত বিষয়সমূহের প্রতি লক্ষ্য রাখা বিশেষ প্রয়োজন :-

- (ক) যতদিন এরূপ গরম পরিলক্ষিত হবে ততদিন দিনের বেলায় তীব্র রৌদ্রের সময় বন্দিদের বিশ্রামে রাখা অথবা কাজের প্রয়োজনে ছায়া আছে এমন জায়গা নির্বাচন করা;
- (খ) বাতাস চলাচলের বিষয়টি বিবেচনায় নিয়ে বন্দিদের বাসস্থান পুনর্বিন্যাস করা;
- (গ) সকল বন্দির প্রচুর পানি পান নিশ্চিত করা;
- (ঘ) বন্দিদের প্রতিদিন গোসল নিশ্চিত করা;
- (ঙ) কারাগারে কর্মরত মেডিকেল অফিসার এর তত্ত্বাবধানে মেডিকেল স্টাফদের মাধ্যমে বন্দি এবং কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য বিষয়ক তদারকি জোরদার করা; এবং
- (চ) কেউ অসুস্থ বোধ করলে প্রাথমিক অবস্থায় চিকিৎসা নিশ্চিত করা।

২। সুষ্ঠু কারা প্রশাসনের স্বার্থে উপরোল্লিখিত বিষয়সমূহের প্রতি সতর্ক দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।



শেখ সুজাউর রহমান

কর্নেল

অতিরিক্ত কারা মহাপরিদর্শক।

পক্ষে- কারা মহাপরিদর্শক।

☎ - ৫৭৩০০২২২ (দপ্তর)।

addl.ig@prison.gov.bd

কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ
সকল সদর দপ্তর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। সার্কুলারটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো;
- ৪। কারা মহাপরিদর্শক/ অতিরিক্ত কারা মহাপরিদর্শক/ কারা উপ মহাপরিদর্শক (সদর দপ্তর) এর ব্যক্তিগত সহকারী।
বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক (সদর দপ্তর) এর সদয় অবগতির জন্য।